দৈনিক
ইনকিলাব

JUN. 05, 2006
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# নিয়োগের দাবী জানিয়েছে শিক্ষার্থীদের একটি অংশ

ষ্টাফ রিপোর্টার ঃ দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রসাশনের বৈধতা নিয়ে আবারো প্রশ্ন তুলেছেন। তারা বলেছেন, দেশে বেসরকারী খাতে সর্বপ্রথম প্রতিষ্ঠিত দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টিদের মধ্যে দ্বন্দ্বের কারণে বিশ্ববিদ্যালয়টিতে প্রসাশনিক শূন্যতা সৃষ্টি হয়েছে। ফলে এক বিশ্ববিদ্যালয়ে দুই ব্যক্তি ভিসির দাবী করছেন। এতে করে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন হচ্ছে। শিক্ষার্থীদের ভবিষ্যৎ অনিশ্চয়তার মুখে পড়েছে। এ অবস্থার উত্তরণে দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ে অবিলম্বে বৈধ ভাইস চ্যান্সেলর নিয়োগ করা জরুরী হয়ে পড়েছে। ট্রাস্টি বোর্ডের দুই গ্রুপের বিরাজমান বিরোধ মিমাংসা না হওয়া পর্যন্ত সরকারের পক্ষ থেকে প্রশাসক নিয়োগ করতে হবে। গতকাল (রবিবার) বিশ্ববিদ্যালয়টির শ্যামলী ক্যাম্পাসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষার্থীদের পক্ষ থেকে এসব কথা বলা হয়।